

# যুগান্তর

## সমাবর্তনে অংশগ্রহণ না করলেও ফি দিতে হবে কুবি শিক্ষার্থীদের!

প্রকাশ : ০১ নভেম্বর ২০১৯, ২২:৩৯ | অনলাইন সংস্করণ

কুবি প্রতিনিধি



কুমিল্লা বিশ্ববিদ্যালয়। ছবি: সংগৃহীত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) প্রথম সমাবর্তনে অংশগ্রহণ না করতে পারলেও পরবর্তী সময়ে মূল সনদপত্র তুলতে সমপরিমাণ ফি দিতে হবে শিক্ষার্থীদের। এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানা গেছে। এ নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয়টির সাবেক শিক্ষার্থীরা।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, 'সমাবর্তনে অংশগ্রহণ না করে পরবর্তীকালে সনদপত্র গ্রহণ করলেও নিয়মিত রেজিস্ট্রেশনের হারে ফি প্রদান করতে হবে।'

তবে এমন সিদ্ধান্তের কঠোর সমালোচনা করেছেন বিশ্ববিদ্যালয়ের সাবেক কয়েকজন শিক্ষার্থী। প্রশাসনের এ সিদ্ধান্তকে সমাবর্তনে অংশগ্রহণে বাধ্য করার প্রয়াস হিসেবেই দেখছেন তারা।

অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের ১ম ব্যাচের শিক্ষার্থী আহসান হাবীব ফোভ প্রকাশ করে বিশ্ববিদ্যালয়ের গ্রুপে লিখেন, এ ঘোষণা কি সমাবর্তনে বাধ্য করার প্রয়াস! আনন্দঘন এবং কাক্সিত মানের সমাবর্তন আয়োজন করতে পারলে এমনিতেই বেশিরভাগ শিক্ষার্থী অংশগ্রহণ করার কথা।

ব্যবস্থাপনা শিক্ষা বিভাগের ৬ষ্ঠ ব্যাচের শিক্ষার্থী রবিউল হোসেন বলেন, পাবলিক বিশ্ববিদ্যালয়ে এমন শিক্ষার্থী আছে, যাদের স্বাভাবিক জীবন দুর্বিসহ, এমতাবস্থায় ৪০৫০ টাকা ফি দিয়ে অংশগ্রহণ সম্ভব কিনা একটু ভাবা দরকার।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মো. আবু তাহের বলেন, আমাদের কাছে ডকুমেন্টস আছে। অনেক বিশ্ববিদ্যালয় আছে যেখানে সমাবর্তনে অংশগ্রহণ না করতে পারলে সমপরিমাণ ফি দিয়ে মূল সনদপত্র নিতে হয়। অংশগ্রহণটা যেন বাড়ে সেটাও চিন্তা করা হয়েছে।

অংশগ্রহণ বাড়ানোর জন্যই এ প্রয়াস কি না এমন প্রশ্নে তিনি বলেন, শুধু অংশগ্রহণ বাড়ানোর জন্যই যে এটা করা হয়েছে তা কিন্তু না। অনেকে আছে খামখেয়ালি করবে। রেজিস্ট্রেশন করবে না। আমরা চাই যে প্রথম সমাবর্তনে সবাই আসুক। যেহেতু আমাদের বিশাল একটা খরচ রয়েছে। সবাই অংশগ্রহণ করলেই আরও জাঁকজমকপূর্ণ হবে।

উল্লেখ্য, আগামী ২৭ জানুয়ারি ২০২০ কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ১ম সমাবর্তন অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয় থেকে ২০০৬-০৭ শিক্ষাবর্ষ হতে ২০১৩-১৪ শিক্ষাবর্ষ পর্যন্ত স্নাতক (সম্মান) ডিগ্রিপ্ৰাপ্ত এবং ২০১০-১১ শিক্ষাবর্ষ হতে ২০১৫-১৬ শিক্ষাবর্ষ পর্যন্ত স্নাতকোত্তর ডিগ্রিপ্ৰাপ্ত সব ছাত্র-ছাত্রীকে এ সমাবর্তন অনুষ্ঠানে সনদ প্রদান করা হবে।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।